সংবাদ

তারিখ 5 APR 2009
পৃষ্ঠা ৪ কলাম ৬

# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু

নিজস্ব বার্তা পরিবেশক, পাবনা

গতকাল শনিবার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পাঠদান শুরু হয়েছে। দেশের বিশিষ্ট শিক্ষাবিদদের উদ্বোধনী ক্লাস গ্রহণের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু হলো।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. আমিনউদ্দিন মৃধার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তৃতা করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. জামাল নজরুল ইসলাম, সিলেট বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ড. জাফর ইকবাল, আহসানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. আনোয়ার হোসেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ড. আবদুল মান্নান, গাজীপুর বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আবদুল মোত্তালিব এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. নুরুল আলম খান।

ড. জাফর ইকবাল বলেন, ভাল বিশ্ববিদ্যালয়ের জন্য ভাল শিক্ষক, পূর্ণাঙ্গ লাইব্রেরি এবং প্রযুক্তি সামগ্রী দরকার। মধ্যবিত্ত পরিবার থেকে পড়ার সুযোগ শুধু পাবলিক বিশ্ববিদ্যালয়ে থাকে। অধ্যাপক আবদুল মান্নান বলেন, বিশ্বকে জানতে হলে সব বিষয়ে জ্ঞানার্জন করতে হবে। তবে নিজের বিষয়টিতে ভালভাবে জানতে-বুঝতে হবে। ড. জামাল নজরুল ইসলাম শিক্ষার্থীদের তারুণ্যের উজ্জ্বলতা দিয়ে দেশবাসীর সেবা করার আহ্বান জানান। ড. আনোয়ার হোসেন রাজনীতিমুক্ত, সুপারিশ বিহীন শিক্ষা প্রতিষ্ঠান গড়ার ওপর গুরুত্বারোপ করেন। ড. মোত্তালিব ছাত্রদের পূর্ণাঙ্গ মানুষ হওয়ার পরামর্শ দেন।

মেধার ভিত্তিতে চারটি বিষয়ে ২শ' শিক্ষার্থী ভর্তি হয়েছেন।